গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্র

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ

স্মারক নং- জাককানইবি/অভ্য.গপ্রআ/২০২৫-২০২৬/০১ তারিখ: ২৭/০২/২০২৫ ইং

সংশোধিত বিজ্ঞপ্তি (সময় বর্ধিতকরণ)

২০২৫-২০২৬ অর্থ বছরের গবেষণা প্রকল্পের জন্য প্রস্তাবনা আহ্বান

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকমণ্ডলী ও স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তহবিল কর্তৃক বরাদ্দকৃত অর্থের বিপরীতে ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য গবেষণা প্রকল্প প্রস্তাবনা আহ্বান করা হচ্ছে। আগ্রহী গবেষকগণকে **আগামী ১৬/০৩/২০২৫ ইং তারিখ (সময়: দুপুর ১২.০০টার মধ্যে)** তিন (০৩) কপি গবেষণা প্রস্তাবনা পরিচালক, গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্রের দপ্তরে সংযুক্ত ফরমেট অনুযায়ী নিম্নে উল্লেখিত শর্তসাপেক্ষে জমাদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। উল্লিখিত ০৩ কপি প্রস্তাবনার মধ্যে ০১ কপিতে জমাকারীর নাম, পদবি, স্বাক্ষর ও বিভাগ উল্লেখ করে জমা দিতে হবে এবং বাকি ০২ কপিতে জমাকারীর নাম, পদবি, স্বাক্ষর ও বিভাগ উল্লেখ করার প্রয়োজন নেই। আবেদন ফরম ও বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের Website অথবা (https://jkkniu.edu.bd/research-and-extension-center/)-এই Link-এ পাওয়া যাবে।

শর্তাবলী:

০১. ইতোপূর্বে অত্র বিশ্ববিদ্যালয়ে যে সকল প্রকল্প প্রস্তাবনার উপর গবেষকগণ গবেষণার কাজ সম্পন্ন করেছেন এবং চলমান রয়েছে সেই সকল প্রকল্প প্রস্তাবনা গ্রহণযোগ্য হবে না। উল্লিখিত সকল প্রকল্প প্রস্তাবনার তালিকা অত্র বিশ্ববিদ্যালয়ের Website অথবা উপরোক্ত Link-এ পাওয়া যাবে।

০২. সংশ্লিষ্ট অনুষদের ডিন এবং প্রকল্প মূল্যায়নকারীর সুপারিশের ভিত্তিতে বরাদ্দকৃত সমুদয় অর্থের ৬০% প্রাথমিকভাবে প্রদান করা হবে।

০৩. সমুদয় অর্থের (প্রাথমিক ৬০% ও পরবর্তী ৪০%) সমন্বয়সহ ০১ টি সিডি ও বুকবাইন্ডিংপূর্বক গবেষণা প্রকল্পের ০৫ কপি চূড়ান্ত প্রতিবেদন/অভিসন্দর্ভ আগামী ০১/০৬/২০২৬ তারিখের মধ্যে গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্রে জমা দিতে হবে।

০৪. বাজেট বিবরণীতে বরাদ্দকৃত টাকার ৫% দিয়ে সেমিনার আয়োজন আবশ্যক। এই অর্থ অতিরিক্ত অনুদান হিসাবে বরাদ্দকৃত অনুদানের সঙ্গে প্রদান করা হবে ।

০৫. অনুষদের সম্মানিত ডিন মহোদয়ের নির্দেশনা অনুসারে ০৩/০৫/২০২৬ ইং থেকে ১৪/০৫/২০২৬ ইং তারিখের মধ্যে একটি সেমিনার আয়োজন করা হবে এবং উক্ত সেমিনারে গবেষণার চূড়ান্ত প্রতিবেদনটি মূল্যায়ন করা হবে। মূল্যায়ন প্রতিবেদনসহ চূড়ান্ত প্রতিবেদন জমা দিতে হবে।

০৬. গবেষণা-প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন/অভিসন্দর্ভটি প্রবন্ধ আকারে দেশি/বিদেশি কোন স্বীকৃত জার্নালে প্রকাশ করতে হবে। **গবেষক কনফারেন্স ও প্রবন্ধ প্রকাশনার জন্য সর্বোচ্চ ৬০,০০০/- বাজেট বরাদ্দ পাবেন।** প্রবন্ধের শেষে **গবেষণাটি জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের আর্থিক আনুকূল্যে সম্পন্ন হয়েছে**- এই মর্মে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে। প্রকাশিত আর্টিকেল/প্রবন্ধ অব্যশই গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্রে জমা দিয়ে প্রত্যয়নপত্র সংগ্রহ করতে হবে।

০৭. সম্মানিত গবেষকবৃন্দ দেশী/বিদেশী যে কোন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/গবেষক/অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষাছুটিতে থাকা কোন শিক্ষক মহোদয়ের সাথে Research Collaboration করতে পারবে এবং গবেষণা প্রস্তাবনায় তার পূর্ণ বিবরণ দিতে হবে। এক্ষেত্রে কোন অতিরিক্ত অর্থ বরাদ্দ থাকবে না। তবে Collaboration- এর মাধ্যমে যৌথ প্রকাশনা করা যাবে।

০৮. গবেষণা-প্রকল্প পরিচালক স্নাতকোত্তর/৪র্থ বর্ষের স্নাতক শ্রেণির একজন শিক্ষার্থীকে গবেষণা সহকারী হিসাবে নিয়োগ দিতে পারবেন। একজন শিক্ষার্থী একের অধিক গবেষকের গবেষণা সহকারী হতে পারবেন না।

০৯. বরাদ্দকৃত অর্থ প্রাপ্তির পর গবেষণার কাজ না করলে গবেষণা-প্রকল্প প্রস্তাবকের বেতন থেকে উক্ত অর্থ কর্তন করা হবে।

১০. জমাকৃত চূড়ান্ত প্রতিবেদন/অভিসন্দর্ভটির Plagiarism Check করা হবে এবং ২০%-এর অধিক সাদৃশ্য থাকলে সেটি গৃহীত হবে না। এছাড়া AI (i.e.Chat Gpt) স্কোর ২০% এর বেশি থাকলে সেই প্রতিবেদনটিও গৃহীত হবে না।

১১. উল্লেখ্য যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে যে সকল সম্মানিত গবেষকগণ গবেষণা প্রস্তাবনার অনুমোদন পেয়েছেন, সেই সকল গবেষকগণ ২০২৪-২০২৫ অর্থ বছরের গবেষণার চূড়ান্ত প্রতিবেদন জমাদান সাপেক্ষে পরবর্তী ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য গবেষণা প্রস্তাবনার চূড়ান্ত মনোনয়নের জন্য বিবেচিত হবেন।

১২. স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীকে প্রস্তাবনা জমাদানের ক্ষেত্রে স্নাতকে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ পেতে হবে।

১৩. 'অধ্যাপক, সহযোগী অধ্যাপক কিংবা পিএইচ.ডি/এম.ফিল. ডিগ্রিপ্রাপ্ত সহকারী অধ্যাপকবৃন্দ সর্বোচ্চ ০৩ (তিন) জন শিক্ষার্থীর গবেষণা তত্ত্বাবধায়ক হতে পারবেন।

১৪. গবেষণা প্রস্তাবনা রিভিউয়ার, চূড়ান্ত প্রতিবেদন মূল্যায়নকারী, ও গবেষণা পরিচালনা পর্ষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ড. মো. হাবিবুর রহমান)
পরিচালক, গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্র
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।